অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/21/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্কেনেকট্যাডি কাউন্টিতে GE AEROSPACE-এর 225 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ ঘোষণা করলেন

প্রযুক্তি খাতে বিশ্বব্যাপী নেতৃত্বদানকারী প্রতিষ্ঠান নিস্কাইয়ুনাতে 75টি নতুন চাকরি তৈরি করবে

প্রজেক্টটি স্থাপনা, সরঞ্জাম এবং অবকাঠামোকে আধুনিক করবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে জেট ইঞ্জিন, সার্ভিস এবং সিস্টেমের ক্ষেত্রে বিশ্বব্যাপী নেতৃত্বদানকারী প্রতিষ্ঠান GE Aerospace, স্কেনেকট্যাডি (Schenectady) কাউন্টির নিস্কাইয়ুনাতে (Niskayuna) তাদের রিসার্চ সেন্টার (Research Center) সাইটের কার্যক্রম উন্নত করতে 225 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করছে। এই সম্প্রসারণের অংশ হিসেবে, বাণিজ্যিক ও প্রতিরক্ষা গ্রাহকদের জন্য জেট ইঞ্জিন প্রযুক্তির অগ্রগতির প্রচেষ্টা ত্বরান্বিত করার পাশাপাশি প্রতিষ্ঠানটি অন্তত 75টি নতুন ভালো বেতনের গবেষণা, ইঞ্জিনিয়ারিং এবং দক্ষ কারিগরি পেশার চাকরি তৈরি করার প্রতিশ্রুতি দিয়েছে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) পারফর্ম্যান্সভিত্তিক Excelsior Jobs প্রোগ্রামের টেক্স ক্রেডিট হিসেবে সর্বোচ্চ 8.42 মিলিয়ন মার্কিন ডলার দিয়ে কোম্পানির বিনিয়োগ ও চাকরি তৈরির প্রতিশ্রুতিকে সমর্থন করছে।

"নিউ ইয়র্ক স্টেটের (New York State) উদ্ভাবনের একটি শক্তিশালী ঐতিহ্য রয়েছে, যা GE Aerospace-এর মতো বিশ্বখ্যাত প্রতিষ্ঠানগুলির বড় বড় ধারণা এবং বড় বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে উঠেছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমরা নিশ্চিত করতে চাই যাতে নেক্সট জেনারেশনের প্রযুক্তিগত আবিষ্কার এখানেই হয়, এবং আজকের ঘোষণাটি প্রমাণ করে যে আমাদের এই ঐতিহ্য আরো শক্তিশালী হচ্ছে। GE Aerospace-এর সাথে একসাথে কাজ করে আমরা আগামী দিনের চাকরি ও উন্নয়নকে আজই ক্যাপিটাল রিজিয়নে (Capital Region) নিয়ে আসছি।"

নিস্কাইয়ুনাতে GE Aerospace-এর রিসার্চ সেন্টার বৈজ্ঞানিক গবেষণা এবং উন্নত প্রযুক্তি উন্নয়নের একটি প্রধান কেন্দ্র হিসেবে কাজ করে, যেখানে 800 জনের বেশি মানুষ চাকরি করে। এই প্রজেক্টটি স্থাপনাকে আধুনিক করার মাধ্যমে সক্ষমতার বিদ্যমান চ্যালেঞ্জ এবং পুরোনো অবকাঠামোর সমস্যাগুলির সমাধান করা হবে। যন্ত্রপাতি, সরঞ্জাম, আসবাবপত্র, এবং ফিক্সচারে এই উল্লেখযোগ্য বিনিয়োগ সাইটটির বৈশ্বিক এয়ারোস্পেস উদ্ভাবনে অনেক দিনের ভূমিকাকে

আরো শক্তিশালী করবে এবং কোম্পানিকে বিশ্বব্যাপী প্রতিযোগিতামূলক অবস্থান ধরে রাখতে সাহায্য করবে। স্কেনেকট্যাডি কাউন্টি মেট্রোপ্লেক্স ডেভেলপমেন্ট অথোরিটি (Schenectady County Metroplex Development Authority) নির্মাণসামগ্রীর উপর সেলস ট্যাক্স ছাড়ের মাধ্যমে এই মূলধনী প্রজেক্টটিকে সমর্থন করছে।

GE Aerospace-এর রিসার্চের জেনারেল ম্যানেজার এবং সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর Joe Vinciquerra (জো ভিনচিকোয়েরা) বলেন, "বিমানের ভবিষ্যৎ গড়ে উঠে কয়েক দশক ধরে চলা কঠোর বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত প্রচেষ্টার মাধ্যমে। আমরা এই বিনিয়োগকে এমন সব যুগান্তকারী অগ্রগতিতে রূপ দিতে প্রস্তুত যা এভিয়েশনের পরবর্তী যুগকে সংজ্ঞায়িত করবে। এয়ারোস্পেস খাতে অগ্রগতির জন্য আমাদের দেশের প্রচেষ্টায় নিউ ইয়র্কের ভূমিকার প্রতি তাদের সমর্থন এবং ধারাবাহিক অঙ্গীকারের জন্য আমরা আমাদের স্টেট ও আঞ্চলিক পার্টনারদের প্রতি গভীরভাবে কৃতজ্ঞ।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বে নিউ ইয়র্ক স্টেট উদ্ভাবন অর্থনীতিকে অগ্রসর করার প্রজেক্ট ও প্রতিষ্ঠানগুলিতে বিনিয়োগ করে চলেছে। ক্যাপিটাল রিজিয়নে তাদের কার্যক্রম সম্প্রসারণ করার জন্য GE Aerospace-এর এই সিদ্ধান্ত এই কৌশলের গুরুত্ব ও সাফল্য তুলে ধরে, যা নতুন চাকরি তৈরি করছে এবং নেক্সট জেনারেশনের প্রযুক্তির বৈশ্বিক কেন্দ্র হিসেবে নিউ ইয়র্ককে আরো প্রতিষ্ঠিত করার জন্য আরো সুবিধা তৈরি করছে।"

এছাড়াও, GE Aerospace Foundation স্থানীয় স্কুল ডিস্ট্রিক্টগুলিতে প্রায় 4,000 শিক্ষার্থীর কাছে পৌঁছে STEM-এর জন্য প্রস্তুতি এবং কর্মশক্তির বিকাশকে অগ্রসর করার জন্য ক্যাপিটাল রিজিয়নে তাদের "Next Engineers" প্রোগ্রাম সম্প্রসারণ করছে। এটি স্থানীয় পর্যায়ে সামাজিক প্রভাব এবং প্রতিভাবান কর্মীদের ভবিষ্যৎ পাইপলাইন বিকাশের বিষয়টি তুলে ধরে, যা এই এলাকার প্রতি প্রতিষ্ঠানটির অঙ্গীকারের সাথে সামঞ্জস্যপূর্ণ।

অ্যাসেম্বলির সদস্য Phil Steck (ফিল স্টেক) বলেন, "GE অনেক দিন ধরে আমার ডিস্ট্রিক্টের একটি গুরুত্বপূর্ণ চাকরিদাটা এবং আমাদের আঞ্চলিক অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ অংশ। নিউ ইয়র্কে GE-এর সফলতা ও প্রবৃদ্ধির সক্ষমতা শক্তিশালী করে এমন নীতিগুলিকে আমি ধারাবাহিকভাবে সমর্থন করেছি। Niskayuna Research Center-এ এই উল্লেখযোগ্য বিনিয়োগের জন্য আমি কৃতজ্ঞ, যা 75টি ভালো বেতনের চাকরি তৈরি করবে এবং ক্যাপিটাল রিজিয়নে যুগান্তকারী গবেষণা ও উদ্ভাবন ধারাবাহিকভাবে পরিচালিত হওয়া নিশ্চিত করতে সাহায্য করবে।"

স্কেনেকট্যাডি কাউন্টি আইনসভার (Legislature) চেয়ার Gary Hughes (গ্যারি হিউজ) বলেন, "নিস্কাইয়ুনাতে প্রতিষ্ঠানটির গ্লোবাল রিসার্চ সেন্টারে বিমানের ভবিষ্যতের (Future of Flight) জন্য GE Aerospace-এর একটি চমৎকার বিনিয়োগ। এটি নিস্কাইয়ুনাতে হওয়া অত্যাধুনিক জেট ইঞ্জিনের গবেষণা ও বিকাশের (Research & Development, R&D) কাজকে আরো শক্তিশালী করবে যা সামরিক ও বাণিজ্যিক, উভয় ধরনের এভিয়েশনের ভবিষ্যতের জন্য গুরুত্বপূর্ণ। আমাদের কাউন্টির অর্থনৈতিক বিকাশের দল এই বড় অঙ্গীকার নিশ্চিত করতে এক বছরের বেশি সময় ধরে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের সাথে কাজ করেছে। স্কেনেকট্যাডি

কাউন্টির পক্ষ থেকে, নিস্কাইয়ুনাতে এই 225 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বাস্তবে রূপ দেওয়ার জন্য আমি গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এবং ESD-কে ধন্যবাদ জানাতে চাই।"

স্কেনেকট্যাডি কাউন্টি মেট্রোপ্লেক্স ডেভেলপমেন্ট অথোরিটির চেয়ারম্যান Ray Gillen (রে গিলেন) বলেন, "GE Aerospace বাণিজ্যিক ও সামরিক এভিয়েশন খাতে বিশ্বের অন্যতম শীর্ষস্থানীয় প্রতিষ্ঠান এবং আমাদের জাতীয় প্রতিরক্ষা শক্তিশালী করতে এবং বাণিজ্যিক বিমান ভ্রমণকে আরো দক্ষ ও টেকসই করতে প্রতিষ্ঠানটি যে সব কাজ করছে, এই বিনিয়োগটি নিস্কাইয়ুনাকে তার সম্মুখসারিতে রাখছে। এটি নিস্কাইয়ুনা ক্যাম্পাসের জন্য একটি অসাধারণ অর্জন এবং এটি স্কেনেকট্যাডি কাউন্টিতে GE Aerospace-এর গবেষণা কার্যক্রম সম্প্রসারণে সাহায্য করার জন্য গত এক বছর ধরে গভর্নর Hochul (হোকল), এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, ন্যাশনাল গ্রিড (National Grid) এবং আমাদের কাউন্টির অর্থনৈতিক উন্নয়ন বিকাশ দলের নিবেদিত প্রচেষ্টার সরাসরি ফল।"

নিস্কাইয়ুনা টাউনের সুপারভাইজার Erin Cassady-Dorion (এরিন ক্যাসাডি-ডোরিয়ন) বলেন, "GE প্রজন্মের পর প্রজন্ম ধরে নিস্কাইয়ুনার গল্পের অংশ হয়ে আছে, এবং এই বিনিয়োগ নিশ্চিত করছে যাতে সেই গল্প চলতে থাকে। ইতিমধ্যেই 800 জনের বেশি মানুষ প্রতিদিন GE Aerospace রিসার্চ সেন্টারে এসে বিজ্ঞানের সীমা আরো অগ্রসর করতে কাজ করেন, এবং আরো 75টি নতুন গবেষণা, ইঞ্জিনিয়ারিং ও দক্ষ কারিগরি পেশার চাকরি তৈরি আমাদের স্থানীয় অর্থনীতি ও কমিউনিটিকে আরো শক্তিশালী করবে। Next Engineers প্রোগ্রামের মাধ্যমে GE Aerospace এছাড়াও আমাদের স্কুলগুলির হাজার হাজার তরুণ ইঞ্জিনিয়ারের জন্য নতুন সুযোগের দ্বার খুলে দিচ্ছে। নিস্কাইয়ুনা টাউনের পক্ষ থেকে, এখানে কার্যক্রম সম্প্রসারণের সিদ্ধান্ত নেওয়ার জন্য আমি GE Aerospace-কে এবং এটি বাস্তবায়নে সাহায্য করার জন্য গভর্নর Hochul (হোকল) এবং আমাদের স্টেট ও কাউন্টি পার্টনারদের ধন্যবাদ জানাই।"

GE Aerospace গবেষণা, ইঞ্জিনিয়ারিং, উৎপাদন, মেরামত, এবং ইঞ্জিন ও অন্যান্য এয়ারোস্পেস প্রযুক্তির রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে বিস্তৃত পরিসরের বাণিজ্যিক এয়ারলাইন, বিমান নির্মাতা, এবং ইউনাইটেড স্টেটসের (United States, U.S.) সরকারি এজেন্সির সাথে পার্টনারশিপ করে। কোম্পানিটি 40টি দেশে প্রায় 250টি অবস্থান নিয়ে দেশের অভ্যন্তরে এবং আন্তর্জাতিক, উভয় ক্ষেত্রেই কার্যক্রম পরিচালনা করে, যার মধ্যে উৎপাদনের স্থাপনা, ওভারহল ও কম্পোনেন্ট সেন্টার, এবং ইঞ্জিনিয়ারিং হাব রয়েছে।

কৌশলগত ইন্ডাস্ট্রিগুলির জন্য ক্যাপিটাল রিজিয়ন একটি গবেষণা ও বিকাশের কেন্দ্র হিসেবে কাজ করে, যা শীর্ষস্থানীয় কলেজ ও ইউনিভার্সিটি, অত্যন্ত দক্ষ কর্মশক্তি এবং সহযোগিতামূলক কাজের সুযোগের কারণে সম্ভব হচ্ছে। সাম্প্রতিক অগ্রগতিগুলির মধ্যে, NY Creates সেমিকন্ডাক্টর গবেষণার জন্য নর্থ আমেরিকার (North America) প্রথম অ্যাক্সেসিবল High NA EUV Lithography Center নির্মাণ করছে, যার পেছনে নিউ ইয়র্ক স্টেটের 1 বিলিয়ন মার্কিন ডলারের তহবিল এবং ইন্ডাস্ট্রির 9 বিলিয়ন মার্কিন ডলারের অঙ্গীকার রয়েছে। বিশ্বের অন্যতম বৃহৎ ফার্মাসিউটিক্যাল প্রতিষ্ঠান, Regeneron, ক্যাপিটাল রিজিয়নের তিনটি কাউন্টিতে ল্যাব পরিচালনা করে, এবং একই সাথে ফরাসি বায়োটেকনোলজি প্রতিষ্ঠান OneBiosciences চলতি বছরের শুরুতে অ্যালবানিতে (Albany) তাদের প্রথম U.S. কার্যক্রম প্রতিষ্ঠা করেছে। এছাড়াও,

ট্রয়ে (Troy) অবস্থিত Rensselaer Polytechnic Institute-এর IBM কোয়ান্টাম কম্পিউটার হলো বিশ্বের কোনো বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের জন্য প্রথম।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।